অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর কুওমো আগামী সপ্তাহে শুরু হতে যাওয়া কন্টাক্ট ট্রেসিং পাইলট প্রোগ্রামের ঘোষণা দিয়েছেন যা মেয়র মাইক ব্লুমবার্গ কর্তৃক সমর্থিত

নিউ ইয়র্কের নেশন-লিডিং এই প্রোগ্রামে প্রত্যাশা করা হচ্ছে যে অনুমিত আক্রান্তের সংখ্যার উপর নির্ভর করে স্টেটব্যাপী 6,400 থেকে 17,000 ট্রেসার থাকবে

স্টেট হেলথ ডিপার্টমেন্ট এই প্রোগ্রামের জন্য আর্মি অব কন্টাক্ট ট্রেসার তৈরি করতে মেয়র ব্লুমবার্গ, জন্স হপকিন্স ইউনিভার্সিটি এবং ভাইটাল স্ট্রাটেজিসের সাথে কাজ করছে

চলমান COVID-19 মহামারির মধ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে, মেয়র মাইক ব্লুমবার্গের নেতৃত্বে নিউ ইয়র্কের কন্টাক্ট ট্রেসিং পাইলট প্রোগ্রাম (contact tracing pilot program) আগামী সপ্তাহে শুরু হবে। এই দেশ-নেতৃস্থানীয় ট্রেসিং প্রোগ্রামটি যে অঞ্চলেসংক্রমণের সর্বোচ্চ হার এবং প্রথম অঞ্চল হিসাবে সংক্রমণের উপাত্ত প্রদর্শন করেছে তাদের উপর গুরুত্ব দিবে। পরবর্তী ফ্লু সিজন পর্যন্ত এই প্রোগ্রাম পরিচালনা করা হবে এবং এটি ট্রাই-স্টেট প্রতিবেশী নিউ জার্সি এবং কানেকটিকাটের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করা হবে।

এই প্রোগ্রামে প্রতি 100,000 ব্যক্তির জন্য 30 জন কন্টাক্ট ট্রেসারের একটি বেসলাইন অন্তর্ভুক্ত করা হবে এবং প্রতিটি অঞ্চলের ক্ষেত্রে আক্রান্তের সম্ভাব্য সংখ্যার উপর ভিত্তি করে অতিরিক্ত ট্রেসারের ব্যবহার করা হবে। প্রোগ্রামটিতে প্রত্যাশিত সংখ্যার আক্রান্তের উপর নির্ভর করে স্টেটব্যাপী 6,400 থেকে 17,000 জন ট্রেসার থাকবে বলে আশা করা হচ্ছে। কন্টাক্ট ট্রেসিং টিম সংক্রমণের বিস্তার সম্পর্কে তথ্যের একটি নিরাপদ ডাটাবেস গড়ে তুলতে দূর থেকেই অত্যাধুনিক সফটওয়্যারের মাধ্যমে কাজ করবে।

জাতিকে নেতৃত্ব দেওয়ার মত মান এবং পরিধি পূরণের জন্য, মেয়র ব্লুমবার্গ ও জনস হপকিন্স ব্লুমবার্গ স্কুল অব পাবলিক হেলথ (Johns Hopkins Bloomberg School of Public Health) তিন ধাপের প্রক্রিয়া যেমন: যোগাযোগ, সাক্ষাৎকার এবং প্রশিক্ষণের মাধ্যমে কন্টাক্ট ট্রেসারদের একদল সেনা তৈরির জন্য স্টেট হেলথ ডিপার্টমেন্টের উদ্যোগকে সমর্থন করবে। ব্লুমবার্গ ফিলানথ্রোফিস DOH কে স্টেট, সিটি ও কাউন্টি হেলথ ডিপার্টমেন্টস (County Health Departments) থেকে এই প্রোগ্রামটির জন্য সক্রিয়ভাবে শনাক্তকরণ সম্ভাব্য কন্টাক্ট ট্রেসারদের নিয়োগ করতে সহায়তা করবে।

এই প্রচেষ্টার অংশ হিসেবে ব্লুমবার্গ স্কুল-দেশের টপ-রেটেড পাবলিক হেলথ স্কুল- DOH এর সঙ্গে পরামর্শ করে এই স্টেটের কনট্যাক্ট ট্রেসারদের জন্য বিশ্বমানের অনলাইন পাঠ্যক্রম তৈরি করবে যার মধ্যে একটি প্রশিক্ষণ প্রোগ্রাম এবং একটি অনলাইন পরীক্ষা থাকবে যা প্রোগ্রামটি সম্পণ্ন করার জন্য অবশ্যই পাস করতে হবে। ভাইটাল স্ট্রাটেজির (Vital Strategies) উদ্যোগ যেমন জীবন বাঁচানোর সংকল্প (Resolve to Save Lives) নিউইয়র্ক স্টেটের হেলথ ডিপার্টমেটের কর্মীদের প্রযুক্তিগত ও কার্যকরী পরামর্শ প্রদান করবে।

কন্টাক্ট ট্রেসাররা চারটি মূল ধাপের মাধ্যমে COVID-19 এর বিস্তার রোধ করতে সাহায্য করবে। প্রথমত, ল্যাব দৈনিক ভিত্তিতে ট্রেসারদের সাথে যোগাযোগ করার জন্য অবিলম্বে COVID-19 এ আক্রান্ত ব্যক্তি কারা তাদেররিপোর্ট করবে। কন্টাক্ট ট্রেসার তখন পজিটিভ পেশেন্টকে ইন্টারভিউ করবে, যাতে তারা গত 14 দিন ধরে কোন কোন মানুষের সংস্পর্শে এসেছে তা সনাক্ত করা যায়। কন্টাক্ট ট্রেসাররা প্রতিটি ব্যক্তিকে এটা জানাবে এবং সাক্ষাৎকার গ্রহন করবে তাদের অন্যকে সংক্রমণের ঝুঁকি সম্পর্কে সতর্ক করতে এবং তাদের সংস্পর্শে আসা ব্যক্তিদের এবং এই সংস্পর্শে আসা ব্যক্তিদের 14 দিনের জন্য কোয়ারাইনটাইন অথবা আইসোলেট করার নির্দেশ দেবে যাতে তারা COVID-19 অন্যদের মধ্যে ছড়িয়ে না দেয়। কন্টাক্ট ট্রেসাররা সেই সকল কোয়ারাইনটাইন অথবা আইসোলেসনে থাকা ব্যক্তিদের নির্দেশিত সময়কাল জুড়ে টেক্সট দ্বারা নিরীক্ষণ করবেন যে কোনো লক্ষণ তাদের দেখা যাচ্ছে কি না।

"আমরা জানি আমাদের টেস্টিং ক্ষমতা বৃদ্ধি নিউ ইয়র্ককে পুনরায় চালু করার চাবিকাঠি, এবং পরীক্ষার পরে দ্বিতীয় ধাপের এই টেস্টিং আবার কে পজিটিভ হয়েছে তা খুঁজে বের করার জন্য, তারা কাদের সংস্পর্শে এসেছিল এবং তারপর সেইসব মানুষদের আইসোলেট করে দেয়ার উপযোগী প্রক্রিয়া যাতে আপনি সংক্রমণের হার না বাড়ান," **গভর্নর কুওমো বলেন।** " ব্যক্তি ভিত্তিতে ট্রেসিং কঠিন নয়-- কিন্তু সমস্যাটি হল বিশাল স্কেলে তা করা এবং এটি এমন একটি কার্যপরিকল্পনা যা আগে কখনও ছিল না। আমরা যত তাড়াতাড়ি সম্ভব টেস্টং এর মাধ্যমে সংক্রমণ কমানোর জন্য যা করছি সে লক্ষ পূরণের জন্য আমাদের কন্টাক্ট ট্রেসিং প্রোগ্রামের প্রয়োজন এবং আমরা এখন মাইক ব্লুমবার্গের সাথে স্টেটের চাহিদা মেটাতে ট্রেসারদের একটি সেনাবাহিনী গড়ে তুলতে কাজ করছি যাতে আমরা অবিলম্বে এই অভিযান শুরু করতে পারি।"

"যত নির্বিঘ্নে সম্ভব অর্থনীতিকে পুনরায় উন্মুক্ত করে তোলার জন্য অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো কন্টাক্ট ট্রেসিং ব্যবস্থা তৈরি করা। যখন সামাজিক দূরত্ব শিথিল করা হবে, তখন কন্টাক্ট ট্রেসিং আমাদের সেরা আশা যার ফলে ভাইরাসটিকে প্রদর্শিত হওয়ার সাথে সাথে এটিকে বিচ্ছিন্ন করে রাখতে পারবো," **নিউ ইয়র্ক সিটির তিন বারের মেয়র মাইকেল ব্লুমবার্গ, ব্লুমবার্গ ফিলানথ্রোপিস (Bloomberg Philanthropies) এবং ব্লুমবার্গ LP (Bloomberg LP)-এর প্রতিষ্ঠাতা এগুলো বলেছেন।** "যেহেতু গভর্নর কুওমো এটা স্বীকৃতি দিয়েছেন এবং যেহেতু ব্লুমবার্গ ফিলানথ্রোপিসগণের জনস্বাস্থ্যের ক্ষেত্রে গভীর অভিজ্ঞতা এবং দক্ষতা রয়েছে, তাই আমরা একটি কন্টাক্ট ট্রেসিং প্রোগ্রাম উন্নয়নে এবং বাস্তবায়নে স্টেটকে সহায়তা করতে পেরে আনন্দিত। এবং আমরা যা প্রকাশ্যে শিখেছি তা সকলের সাথে শেয়ার করবো,যাতে সারা দেশের সিটি ও স্টেটগুলি আমাদের মত এরুপ সফল প্রচেষ্টাকে তাদের স্বার্থে কাজে লাগাতে পারে এবং বিশ্বের দেশগুলিও এটি অনুসরণ করতে পারে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন